তথ্য অবমুক্তকরণ নীতিমালা, ২০২০

(তথ্য অধিকার আইন-২০০৯ এর আলোকে প্রণীত)

বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই)

শিল্প মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মুখবন্ধ

বিএসটিআই বাংলাদেশের একমাত্র মান নির্ধারণী প্রতিষ্ঠান। দেশে উৎপাদিত পণ্য ও সেবার গুণগতমান প্রণয়ন ও মানোন্নয়নের পাশাপাশি আমদানিকৃত পণ্যের মান সংরক্ষণে এ প্রতিষ্ঠান গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। ১৯৮৫ সালে গঠিত বিএসটিআই গুণগতমানের বিষয়ে ইতোমধ্যে জাতির আস্থার প্রতীকে পরিণত হয়েছে। বিশেষ করে, বিগত দশ বছরে আইন ও বিধিমালা সংস্কার, বিশ্বমানের ন্যাশনাল মেট্রোলজি ল্যাবরেটরি স্থাপন, স্ট্যান্ডার্ডস্ টাইম নির্ধারণ, অত্যাধুনিত যন্ত্রপাতি প্রতিস্থাপন, ভেজালবিরোধী অভিযান জোরদারসহ নানামুখী কর্মকাণ্ডের মাধ্যমে বিএসটিআই মানোন্নয়ন এবং মান বিষয়ক সচেতনতা বৃদ্ধিতে কার্যকর ভূমিকা পালন করছে। বর্তমানে দেশের ক্রমবিকাশমান শিল্পায়ন প্রক্রিয়ায় সহায়তা প্রদানকারী জাতীয় মান সংস্থা বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই)এর ভূমিকা প্রণিধানযোগ্য। এ প্রতিষ্ঠানের মূল দায়িত্ব হচ্ছে দেশে উৎপাদিত খাদ্য, কৃষি ও শিল্পজাত পণ্যের মান নির্ধারণ, সরকার কর্তৃক নির্ধারিত ১৮১টি বাধ্যতামূলক পণ্যের মান নিয়ন্ত্রণ এবং ব্যবসা-বাণিজ্যের সকল ক্ষেত্রে ওজন ও পরিমাপের সঠিকতা নিশ্চিত করণের জন্য মেট্রিক পদ্ধতির বাস্তবায়ন তদারকি।

বিএসটিআই'র কার্যাবলী সম্পর্কে জনগণের যেমন জানার আগ্রহ রয়েছে, তেমনিভাবে বিএসটিআইও তথ্যের অবাধ প্রবাহে বিশ্বাসী। তাই বিএসটিআই'র সাথে তথ্য অধিকারের সম্পর্ক রয়েছে। সরকারি, স্বায়ত্বশাসিত, সংবিধিবদ্ধ সংস্থা এবং সরকারি বা বিদেশী অর্থায়নে সৃষ্ট বা পরিচালিত বিভিন্ন বেসরকারি সংস্থার কর্মকান্ডে স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠার মাধ্যমে সুশাসন নিশ্চিত করার জন্য সরকার তথ্য অধিকার আইন, ২০০৯ জারি করেছে। উক্ত আইন যথাযথভাবে প্রতিপালনের জন্য বিএসটিআই তথ্য অবমুক্তকরণ নীতিমালা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করেছে। তথ্য অধিকার আইন, ২০০৯ সঠিকভাবে প্রয়োগ হলে একদিকে যেমন জনগণ বিএসটিআই'র কার্যক্রম সম্পর্কে জানতে পারবে অন্যদিকে বিএসটিআই'র দাপ্তরিক কার্য সম্পাদনে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করবে।

তথ্য অধিকার আইনের বাস্তবায়ন ডিজিটাল বাংলাদেশ গঠনের স্বপ্ন পূরণে আরো এক ধাপ এগিয়ে নেবে বলে আমার বিশ্বাস। অবাধ তথ্য প্রবাহে বিএসটিআই'র তথ্য অবমুক্তকরণ নীতিমালা, ২০২০ বিশেষ ভূমিকা রাখবে বলে আশা করি।

(মোঃ মুয়াজ্জেম হোসাইন)
মহাপরিচালক (গ্রেড-১)

সূচিপত্র

ক্রম. নং	বিষয়	পৃষ্ঠা নং
১.	পটভূমি	৮
১.১	ভিশন	৮
১.২	মিশন	৮
১.৩	বিএসটিআই'র দায়িত্ব	৮
১.৪	বিএসটিআই'র সাথে তথ্য অধিকারের সম্পর্ক	৮
২.	সংজ্ঞা	৯
৩.	তথ্য প্রাপ্তির জন্য আবেদন প্রক্রিয়া	৯
৪.	তথ্য প্রদানের সময়সীমা	৯
৫.	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা	৯-১০
৫.১	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব ও কর্মপরিধি	১০
৬.	আপীল কর্তৃপক্ষ	১১
৭.	তথ্যের ভাষা	১১
৮.	তথ্যের মূল্য তালিকা	১১
৯.	তথ্য প্রদানকারী কর্মকর্তার তথ্য সরবরাহের পদ্ধতি	১১
১০.	তথ্য প্রদানে অপারগতা	১১
১১.	আপীল প্রক্রিয়া ও সময়সীমা	১১
১২.	শাস্তি	১১
১৩.	বিএসটিআই সংক্রান্ত যেসব তথ্য জনস্বার্থে অবমুক্ত করা যাবে	১২
১৪.	যে সকল তথ্য অবমুক্ত করা যাবে না	১২
পরিশিষ্ট-১	ফরম 'ক' তথ্য প্রাপ্তির আবেদনপত্র	১৩
পরিশিষ্ট-২	ফরম 'খ' তথ্য সরবরাহে অপারগতার নোটিশ	১৪
পরিশিষ্ট-৩	ফরম 'গ' আপীল আবেদন	১৫
পরিশিষ্ট-৪	ফরম 'ঘ' তথ্য প্রাপ্তির অনুরোধ ফি এবং তথ্যের মূল্য নির্ধারণ ফি	১৬

<u>**নীতিমালার সাধারণ বিষয়:**</u>

যে সংস্থাটি নীতিমালা প্রণয়ন করেছে: বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন

শেষ সংশোধনের তারিখ: প্রযোজ্য নয়

যে নামে নীতিমালা কার্যকর করা হবে: তথ্য অবমুক্তকরণ নীতিমালা, ২০২০

যে তারিখ থেকে নীতিমালা কার্যকর হয়: ০১-০১-২০২০ খ্রিঃ

এ নীতিমালার সাথে সম্পর্কযুক্ত প্রতিষ্ঠানের অন্যান্য নীতিমালাসমূহ: বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন আইন ২০১৮; ওজন ও পরিমাপ মানদণ্ড আইন ২০১৮; বিএসটিআই (কর্মচারী) চাকুরী বিধিমালা ১৯৮৯।

নীতিমালার নম্বর: ১/২০২০

১. পটভূমিঃ

এই উপমহাদেশে জাতীয় মান সংস্থার পদচারণা শুরু হয়েছিল ১৯৪৬ সালে- Indian Standards Institute স্থাপনের মাধ্যমে। ১৯৪৭ সালে উপনিবেশিক শাসনের অবসানের সুদীর্ঘ এক যুগেরও বেশী সময় পরে ১৯৫৮ সালে তৎকালীন পাকিস্তানে Pakistan Standards Institute (PSI) প্রতিষ্ঠিত হয়। এর আগে ১৯৫৬ সালে Colombo Plan এর অধীনে ঢাকায় Central Testing Laboratory প্রতিষ্ঠিত হয়েছিল। ঢাকায় PSI এর অফিস প্রতিষ্ঠা হয় ১৯৬৩ সালে। স্বাধীনতার পর CTL এবং BDSI, এই দু'টি সংস্থা পৃথক সত্ত্বা হিসেবে নিজ নিজ ক্ষেত্রে দায়িত্বরত থাকে।

১৬ই মে, ১৯৮৩ সালে তৎকালীন মন্ত্রী পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী Science & Technology Division-এর অধীনস্থ সরকারী প্রতিষ্ঠান সেন্ট্রাল টেস্টিং ল্যাবরেটরি (CTL) ও আধাসরকারী প্রতিষ্ঠান বাংলাদেশ স্ট্যান্ডার্ডস ইন্সটিটিউশন (BDSI)-কে একীভূত করে ২৫শে জুলাই, ১৯৮৫ তারিখ বাংলাদেশ সরকারের জারীকৃত এক অধ্যাদেশ বলে বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (BSTI) গঠিত হয়। অতঃপর ১৯৯৫ সালে বাংলাদেশ সরকারের বাণিজ্য মন্ত্রণালয়ের অধীনস্থ কৃষিপণ্য বিপনন ও শ্রেণী বিন্যাস পরিদপ্তরটি বিএসটিআই'র সঙ্গে একীভূত হয়।

বর্তমানে বিএসটিআই বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন আইন ২০১৮ অনুযায়ী পরিচালিত হচ্ছে। শিল্প মন্ত্রণালয়ের অধীনে বিএসটিআই একটি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হিসেবে এর উপর অর্পিত দায়িত্ব পালন করে যাচ্ছে।

১.১ ভিশনঃ

মান প্রণয়ন ও মানসম্মত পণ্য প্রাপ্তি নিশ্চিতকরণে যুগোপযোগী প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা।

১.২ মিশনঃ

পণ্য ও সেবার মান প্রণয়ন, গুণগতমান ও পরিমাপ নিশ্চিতকরণের নিমিত্ত সেবাসমূহকে আন্তর্জাতিক/আঞ্চলিক মানদণ্ডে উন্নীতকরণ এবং সেবাগ্রহীতাদের স্বার্থরক্ষাক্রমে জাতীয় ও আন্তর্জাতিক বাণিজ্যে সহায়তা।

১.৩ বিএসটিআই এর দায়িত্ব

ক) দেশে উৎপাদিত, রপ্তানিযোগ্য এবং আমদানিকৃত শিল্পপণ্য, খাদ্য ও কৃষিজাত, রসায়ন, পাট ও বস্ত্র, বৈদ্যুতিক এবং প্রকৌশল পণ্যের জাতীয় মান প্রণয়ন;

খ) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক যে সকল জনগুরুত্বপূর্ণ পণ্যসামগ্রী এসআরও জারির মাধ্যমে বাধ্যতামূলক মান সনদের আওতাভুক্ত করা হয়েছে ঐ সকল পণ্যসহ স্বেচ্ছামূলক পণ্যের আন্তর্জাতিক সিস্টেম অনুসরণে সংশ্লিষ্ট বাংলাদেশ মান অনুযায়ী ল্যারেটরিতে পরীক্ষণপূর্বক সনদ প্রদান এবং সনদপ্রাপ্ত পণ্যসমূহের গুণগত মানের নিশ্চয়তা বিধান করা;

গ) ন্যাশনাল মেট্রোলজি ল্যাবরেটরিতে স্থাপিত SI (System International) Unit-এর ন্যাশনাল স্ট্যান্ডার্ড রক্ষণাবেক্ষণ এবং দেশের সকল ল্যাবরেটরি, শিল্প কারখানা, গবেষণা প্রতিষ্ঠান এবং হাট-বাজারে ব্যবহৃত ওজন ও পরিমাপক যন্ত্রপাতির ধারাবাহিক সূক্ষ্মতা নিশ্চিতকরণ। এছাড়া ব্যবসা-বাণিজ্যের সকল ক্ষেত্রে মেট্রিক পদ্ধতির বাস্তবায়ন তদারকিসহ ওজন ও পরিমাপক যন্ত্রপাতির ক্যালিব্রেশন ও ভেরিফিকেশন কাজ করা;

ঘ) আইএসও কর্তৃক প্রণীত আন্তর্জাতিক মানের আলোকে ম্যানেজমেন্ট সিস্টেম সার্টিফিকেশন কার্যক্রম পরিচালনা করা।

১.৪ বিএসটিআই'র সাথে তথ্য অধিকারের সম্পর্ক

বিএসটিআই দেশে উৎপাদিত এবং আমদানিকৃত শিল্প পণ্য, খাদ্য ও কৃষিজাত পণ্যের জাতীয় মান প্রণয়ন এবং প্রণীত মানের ভিত্তিতে পণ্যের গুণগত মানের নিশ্চয়তা বিধানসহ ওজন ও পরিমাপের মেট্রিক পদ্ধতির বাস্তবায়ন তদারকি করে আসছে। বিএসটিআই কর্তৃক প্রতিপালিত এই সকল কার্যক্রম সরাসরি জনগনের সাথে সম্পৃক্ত বিধায় এই সকল তথ্য সম্পর্কে জানার অধিকার জনসাধারণের রয়েছে। তথ্য অধিকার আইন, ২০০৯ মোতাবেক ইন্সটিটিউশনের কর্মকান্ডে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্য অধিকার নিশ্চিত করা প্রয়োজন।

এই প্রেক্ষিতে, তথ্য অধিকার আইন, ২০০৯ এর আলোকে বিএসটিআই থেকে জনগণের চাহিদা অনুসারে সুষ্ঠুভাবে তথ্য সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যে এই নীতিমালা প্রণয়ন করা হয়েছে।

২. সংজ্ঞা

(ক) "তথ্য"- অর্থে কোন কর্তৃপক্ষের গঠন, কাঠামো ও দাপ্তরিক কর্মকাণ্ড সংক্রান্ত যে কোন স্মারক, বই, নকশা, মানচিত্র, চুক্তি, তথ্য-উপাত্ত, লগ বহি, আদেশ, বিজ্ঞপ্তি, দলিল, নমুনা, পত্র, প্রতিবেদন, হিসাব বিবরণী, প্রকল্প প্রস্তাব, আলোকচিত্র, অডিও, ভিডিও, অংকিতচিত্র, ফিল্ম, ইলেকট্রনিক প্রক্রিয়ায় প্রস্তুতকৃত যে কোন ইনস্ট্রুমেন্ট, যান্ত্রিকভাবে পাঠযোগ্য দলিলাদি এবং ভৌতিক গঠন ও বৈশিষ্ট্য নির্বিশেষে অন্য যে কোন তথ্যবহ বস্তু বা উহাদের প্রতিলিপিও ইহার অন্তর্ভূক্ত হইবে। তবে শর্ত থাকে যে, দাপ্তরিক নোট সিট বা নোট সিটের প্রতিলিপি এর অন্তর্ভূক্ত হবে না।

(খ) **নীতিমালা**- নীতিমালা বলতে ইন্সটিটিউশনের তথ্য অবমুক্তকরণ নীতিমালা, ২০২০ বুঝাবে।

(গ) **ইন্সটিটিউশন**- ইন্সটিটিউশন বলতে বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন আইন অনুযায়ী বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশনকে বুঝাবে।

(ঘ) **কর্মকর্তা**- কর্মকর্তা বলতে ইন্সটিটিউশনের যে কোন কর্মকর্তাকে বুঝাবে এবং যে কোন কর্মচারীও এর অন্তর্ভূক্ত হবেন।

৩. তথ্য প্রাপ্তির জন্য আবেদন প্রক্রিয়া

তথ্য চাহিদাকারী সাদা কাগজে অথবা তথ্য অধিকার বিধিমালার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) ফরম 'ক' (সংযুক্ত) ব্যবহার করে তথ্যের জন্য সরাসরি বিএসটিআই'র দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বরাবরে প্রেরণ বা বিএসটিআই'র ই-মেইলের মাধ্যমে আবেদন করতে পারবেন। এই ফরম বিএসটিআই'র অফিসিয়াল ওয়েব সাইটে পাওয়া যাবে।
আবেদনে নিম্নলিখিত বিষয়সমূহের উল্লেখ থাকতে হবে:

(ক) অনুরোধকারীর নাম, ঠিকানা, মোবাইল/টেলিফোন, প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নাম্বার এবং ই-মেইল ঠিকানা;

(খ) যে তথ্যের জন্য অনুরোধ করা হয়েছে তার নির্ভুল ও স্পষ্ট বর্ণনা;

(গ) কোন পদ্ধতিতে তথ্য পেতে আগ্রহী তার বর্ণনা অর্থাৎ অনুলিপি নেয়া, নোট নেয়া বা অন্য কোন অনুমোদিত পদ্ধতি।

যদি তথ্য চাহিদাকারীর চাহিদাকৃত তথ্যের বিষয় স্পষ্ট না হয় সেক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আবেদনকারীকে পূণরায় চাহিদাকৃত তথ্যের বিষয়ে স্পষ্টীকরণের বিষয়ে জানাবেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রয়োজনবোধে প্রশ্ন তৈরিতে সহায়তা করবেন।

৪. তথ্য প্রদানের সময়সীমা

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনুরোধ প্রাপ্তির তারিখ হতে অনধিক ২০ (বিশ) কার্য দিবসের মধ্যে অনুরোধকৃত তথ্য সরবরাহ করবেন। তবে অনুরোধকৃত তথ্যের সহিত একাধিক তথ্য প্রদান ইউনিট বা কর্তৃপক্ষের সংশ্লিষ্টতা থাকলে ৩০ কার্যদিবসের মধ্যে অনুরোধকৃত তথ্য সরবরাহ করতে হবে।

৫. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

তথ্য অবমুক্তকরণ নীতি বাস্তবায়নের জন্য এবং তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য সরবরাহের জন্য বিএসটিআই এর প্রধান কার্যালয় ও আঞ্চলিক কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের পদবী ও ঠিকানা:

ক্রমিক নং	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও অফিসের নাম	ঠিকানা	ফোন/মোবাইল/ই-মেইল
০১.	জনাব মোঃ রিয়াজুল হক উপ-পরিচালক (সিএম) বিএসটিআই প্রধান কার্যালয় ঢাকা।	মান ভবন ১১৬-ক, তেজগাঁও শিল্প এলাকা ঢাকা-১২০৮।	ফোন: ০২-৯১৩১৫৮২ মোবাইল: ০১৯১৫৪৭৯৫৫৩ reazul112@yahoo.com
০২.	জনাব মোঃ মোমেন উস সাজ্জাদ উর্দ্ধতন পরীক্ষক (মেট) ডিএমআই, ঢাকা।	ডিভিশনাল মেট্রোলজি ইন্সপেক্টরেট ১১৬-ক, তেজগাঁও শিল্প এলাকা ঢাকা-১২০৮।	ফোন: ০২-৮৮৭০৩০০ মোবাইল: ০১৭১২০০১০২৫ smomen_bsti@yahoo.com

ক্রমিক নং	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও অফিসের নাম	ঠিকানা	ফোন/মোবাইল/ই-মেইল
০৩.	জনাব মোঃ তৈয়ব আলী সহকারী পরিচালক (পদার্থ) রাজশাহী।	রাজশাহী বিভাগীয় অফিস নওদাপাড়া বাইপাস রোড, সপুরা, রাজশাহী।	ফোন: ০৭২১-৮৬১৩৯৮ মোবাইল: ০১৭২৩৫৩৮০৬৭ taiubali03@gmail.com
০৪.	জনাব প্রকৌ. মোঃ রেজাউল করিম উপ-পরিচালক (মেট) খুলনা।	খুলনা বিভাগীয় অফিস ৬২, পুরাতন যশোর রোড, খালিশপুর, খুলনা-৯০০০।	ফোন-০৪১-৭৬১৫৪২ মোবাইল: ০১৭১৫৮৪৬৬৯ engr.md.rezaulkarimbsti @gmail.com
০৫.	জনাব মোঃ মোস্তাক আহমেদ সহকারী পরিচালক (সিএম) চট্টগ্রাম।	চট্রগ্রাম বিভাগীয় অফিস জাম্বুরী মাঠের পূর্ব-দক্ষিণ কোণ, আগ্রাবাদ, চট্টগ্রাম।	ফোন: ০৩১-৭১০৬৯৫ মোবাইল: ০১৭১৫১৫০০৪২ bstibarishal@gmail.com
০৬.	জনাব মোঃ জাহিদুর রহমান সহকারী পরিচালক (সিএম) বরিশাল।	বরিশাল বিভাগীয় অফিস বিসিক শি/এ, কাউনিয়া বরিশাল।	ফোন: ০৪৩১-৬৫১৭৬ মোবাইল: ০১৯১৩৮০২৬৩২ jahidbsti@gmail.com
০৭.	জনাব মোঃ কামাল হোসেন সহকারী পরিচালক (রসায়ন) সিলেট।	সিলেট বিভাগীয় অফিস বিসিক শি/এ, খাদিমনগর সিলেট।	ফোন: ০৮২১-২৮৭০৯৩৫ মোবাইল: ০১৭১৭২৫৬২৩২ bstisylhet@gmail.com
০৮.	জনাব মোঃ দেলোয়ার হোসেন ফিল্ড অফিসার (সিএম) রংপুর।	রংপুর বিভাগীয় অফিস বাড়ী নং- ৪৬/২, রোড নং- ০১ পর্যটন পূর্বপাড়া, সদর, রংপুর।	ফোন: ০৫২১-৫৬৬৬১ মোবাইল: ০১৯১১৫৯৫০৩৪ delowarbsti@gmail.com
০৯.	জনাব প্রকৌ: মোঃ নজরুল ইসলাম ফিল্ড অফিসার (সিএম) ময়মনসিংহ।	ময়মনসিংহ বিভাগীয় অফিস কিসমত, রহমতপুর সদর ময়মনসিংহ	মোবাইল: ০১৭১০৪৪৫৯০১ nazrulsust19@gmail.com
১০.	জনাব মনির হোসেন ফিল্ড অফিসার (সিএম) ফরিদপুর।	ফরিদপুর জেলা অফিস বিএসসিআইসি শিল্প এলাকা কানাইপুর, ফরিদপুর।	মোবাইল: ০১৯৫৪৪৫৪৩৭৩ monir.bsti@gmail.com
১১.	জনাব জিয়াউল হক ফিল্ড অফিসার (সিএম) কুমিল্লা।	কুমিল্লা জেলা অফিস হোল্ডিং নং- ২১/১, ধানপুর কোটবাড়ী রোড, কুমিল্লা।	মোবাইল: ০১৭২৩৮৪৭৯২০ ziahaque5@gmail.com
১২.	জনাব প্রকৌ: জুনায়েদ আহমেদ ফিল্ড অফিসার (সিএম) বগুড়া।	বগুড়া জেলা অফিস পুরাতন উপজেলা ভবন কাইগারি, বগুড়া।	মোবাইল: ০১৯১৫০২৯০০২ zunaid365@gmail.com
১৩.	জনাব ইকবাল আহম্মদ ফিল্ড অফিসার (সিএম) কক্সবাজার।	কক্সবাজার জেলা অফিস প্লট: ৪-৫, নিউ সার্কিট হাউজ রোড কক্সবাজার।	ফোন: ০২-৫১০৬০১৩৭ মোবাইল: ০১৭১৮৩৮৬০০২ ikbalahammod@gmail.com

৫.১ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব ও কর্মপরিধি

তথ্যের আবেদনপত্র গ্রহণ বাছাই, তথ্য চাহিদাকারীর সাথে যোগাযোগ ও তথ্য অবমুক্তকরণ শারীরিক প্রতিবন্ধী ব্যক্তি তথ্য চাহিদাকারী হলে তার উপযুক্ত করে তথ্য প্রকাশের ব্যবস্থা করতে হবে। প্রয়োজনে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এ বিষয়ে দক্ষ ও পারদর্শী ইন্সটিটিউশনের অন্য কোনো কর্মকর্তার সহযোগিতা নিতে পারবেন।

৬. আপীল কর্তৃপক্ষ

তথ্য অধিকার আইন-২০০৯ এর ধারা ২ (ক) এ আপীল কর্তৃপক্ষের সংজ্ঞা অনুসারে বিএসটিআই'র আপীল কর্তৃপক্ষ নিম্নের ছকে প্রদত্ত হলো:

অফিসের নাম	আপীল কর্তৃপক্ষ	আপীল কর্তৃপক্ষের ঠিকানা
বিএসটিআই প্রধান কার্যালয়, ঢাকা।	সচিব শিল্প মন্ত্রণালয়	শিল্প মন্ত্রণালয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ৯১, মতিঝিল বাণিজ্যিক এলাকা ঢাকা-১০০০।
বিভাগীয়/জেলা কার্যালয়: ঢাকা/ চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/ফরিদপুর/বগুড়া/কুমিল্লা ও কক্সবাজার।	মহাপরিচালক বিএসটিআই	মান ভবন ১১৬-ক, তেজগাঁও শিল্প এলাকা ঢাকা-১২০৮।

৭. তথ্যের ভাষা

(ক) অফিসিয়াল বা কার্যক্ষেত্রে ডকুমেন্টটি যে ভাষায় তৈরি করা হয়েছে তার উপর নির্ভর করবে। অর্থাৎ ইন্সটিটিউশন কর্তৃক তথ্যটি যেভাবে ছাপা, প্রকাশ বা সংরক্ষণ করা হয়েছে সেভাবেই সরবরাহ করবে।

(খ) বিএসটিআই তথ্যটি এক ভাষা থেকে অন্য ভাষায় রূপান্তর করে দেয়ার দায়িত্ব নেবে না।

৮. তথ্যের মূল্য তালিকা

ছাপানো তথ্যের জন্য যেখানে মূল্য নির্ধারিত রয়েছে সেই প্রতিবেদন বা কপির জন্য নির্ধারিত মূল্য পরিশোধ করতে হবে। এছাড়া যেসব ক্ষেত্রে মূল্য উল্লেখ থাকবে না সেসব ক্ষেত্রে তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর তফসিল-'ঘ' ফরম (সংযুক্ত) অনুযায়ী নির্ধারিত হবে।

৯. তথ্য প্রদানকারী কর্মকর্তার তথ্য সরবরাহের পদ্ধতি

প্রতিষ্ঠানের মহাপরিচালক কর্তৃক তথ্য প্রদানকারী কর্মকর্তা নিয়োজিত হবেন। উক্ত কর্মকর্তা তথ্য সংগ্রহের জন্য উইং/বিভাগ/সেকশন এর সহযোগিতা চাইলে তাকে তথ্য প্রদান কাজে সহযোগিতা করতে হবে। সংশ্লিষ্ট অফিসার তথ্য আবেদন গ্রহণ ও তথ্য প্রদানের ক্ষেত্রে একটি রেজিস্টার সংরক্ষণ করবেন।

১০. তথ্য প্রদানে অপারগতা

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কোন কারণে তথ্য প্রদানে অপারগ হলে অপারগতার কারণ উল্লেখ করে আবেদন পাওয়ার ১০ (দশ) কার্য দিবসের মধ্যে তিনি তা অনুরোধকারীকে অবহিত করবেন। 'কতিপয় তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয়'-এর আওতায় কোন তথ্য প্রদানের অপারগতার যথাযথ কারণ তথ্য চাহিদাকারীকে ফরম 'খ' (সংযুক্ত)-এর মাধ্যমে জানাতে হবে। অন্যথায় বিনা কারণে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তথ্য চাহিদাকারীকে কোন অবস্থাতেই অপারগতা জানাতে পারবেন না।

১১. আপীল প্রক্রিয়া ও সময়সীমা

কোন ব্যক্তি যদি নির্দিষ্ট সময়সীমার মধ্যে তথ্য না পান কিংবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কোন সিদ্ধান্তে সংক্ষুব্ধ হন, তাহলে তিনি উক্ত সময়সীমা অতিক্রম হওয়ার পর বা সিদ্ধান্ত পাওয়ার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আপীল কর্তৃপক্ষের নিকট আপীল করতে পারবেন। আপীল আবেদনে আপীলের কারণ উল্লেখপূর্বক সাদা কাগজে বা তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালার ফরম 'গ' (সংযুক্ত) অনুযায়ী আপীল দায়ের করা যাবে। বিএসটিআই'র সংশ্লিষ্ট আপীল কর্তৃপক্ষ পরবর্তী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে আপীল নিষ্পত্তি করবেন। তথ্য প্রাপ্তির আপীলসমূহ তথ্য অধিকার আইন, ২০০৯ এর ২৪ ধারা অনুযায়ী বিবেচনা করা হবে। আপীল কর্তৃপক্ষের রায়ে আপীলকারী সংক্ষুব্ধ হলে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করতে পারবেন।

১২. শাস্তি:

যথাযথ কারণ ব্যতীত তথ্য প্রদানে অপারগতা প্রকাশ একটি অনিয়ম বলে বিবেচিত হবে এবং বিএসটিআই (কর্মচারী) চাকুরী বিধিমালা-১৯৮৯-এর বিধি অনুযায়ী উক্ত তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৩. বিএসটিআই সংক্রান্ত যেসব তথ্য জনস্বার্থে অবমুক্ত করা যাবে

ক) বিএসটিআই এর সাংগঠনিক কাঠামো;

খ) বিএসটিআই এর দায়িত্ব (function);

গ) বিএসটিআই এর বিদ্যমান আইন, অধ্যাদেশ ও বিধি-বিধান সংক্রান্ত যাবতীয় তথ্য;

ঘ) বিএসটিআই এর কাউন্সিলের গঠন কাঠামো এবং সদস্য তালিকা;

ঙ) প্রধান ও আঞ্চলিক কার্যালয়ের অর্গানাইজেশনাল চার্ট;

চ) বিএসটিআই এর উইং ভিত্তিক কার্যক্রম সংক্রান্ত তথ্যাদি;

ছ) বিএসটিআই কর্তৃক নির্ধারিত, রিভিশনকৃত বা গৃহীত (বিদেশী মান) পণ্য ভিত্তিক 'মান' (বিডিএস) সংক্রান্ত তথ্য/ডকুমেন্ট;

জ) আমদানি নীতিতে অন্তর্ভূক্ত বাধ্যতামূলক পণ্যের তালিকা;

ঝ) ল্যাবসমূহে সম্পাদিত পণ্য পরীক্ষণ সংক্রান্ত তথ্য;

ঞ) সিএম লাইসেন্স গ্রহণের জন্য আবেদন ফরম;

ট) সিএম লাইসেন্স গ্রহণের ক্ষেত্রে নীতিমালা/পদ্ধতি সংক্রান্ত তথ্য;

ঠ) Management System Certification (MSC) কার্যক্রম সংক্রান্ত তথ্য;

ড) National Metrology Laboratory (NML) কার্যক্রম সংক্রান্ত তথ্য;

ঢ) বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প সংক্রান্ত তথ্য। ভবিষ্যত কর্মপরিকল্পনা সংক্রান্ত তথ্য (যদি থাকে);

ণ) সিএম লাইসেন্স এর অন্তর্ভূক্ত বাধ্যতামূলক পণ্যের তালিকা;

ত) বিএসটিআই কর্তৃক পরিচালিত ভ্রাম্যমাণ আদালত ও সার্ভিল্যান্স অভিযান সংক্রান্ত তথ্য।

বিঃ দ্রঃ উপরোক্ত তথ্যাদি বিএসটিআই ওয়েব সাইট থেকে অথবা সরাসরি যোগাযোগের মাধ্যমে সংগ্রহ করা যাবে। যে সকল তথ্য প্রদানে সময়ের প্রয়োজন হবে, তা তথ্য অধিকার আইন, ২০০৯ এর সংশ্লিষ্ট ধারা অনুসারে নির্ধারিত ফরমেটে লিখিতভাবে আবেদন করে সংগ্রহ করা যাবে।

১৪. যে সকল তথ্য অবমুক্ত করা যাবে না

ক) কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুণ্ন হতে পারে এরূপ তথ্য;

খ) আদালতে বিচারাধীন কোন বিষয় এবং যা প্রকাশে আদালত বা ট্রাইব্যুনালের নিষেধাজ্ঞা রয়েছে অথবা যাহা প্রকাশ আদালত অবমাননার শামিল এরূপ তথ্য;

গ) তদন্তনাধীন কোন বিষয় যাহা প্রকাশ তদন্ত কাজে বিঘ্ন ঘটাতে পারে এরূপ তথ্য;

ঘ) কোন অপরাধের তদন্ত প্রক্রিয়া এবং অপরাধীর গ্রেফতার ও শাস্তিকে প্রভাবিত করতে পারে এরূপ তথ্য;

ঙ) কৌশলগত ও বাণিজ্যিক কারণে গোপণ রাখা বাঞ্ছনীয় এইরূপ কারিগরী বা বৈজ্ঞানিক গবেষণালব্ধ কোন তথ্য;

চ) কোন ক্রয় কার্যক্রমের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ক্রয় বা উহার কার্যক্রম সংক্রান্ত কোন তথ্য।

ফরম ‘ক’

তথ্য প্রাপ্তির আবেদনপত্র

বরাবর
....
.... (নাম ও পদবী)
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
...................................(দপ্তরের নাম ও ঠিকানা)

১।	আবেদনকারীর নাম	:	....
	পিতার নাম	:	....
	মাতার নাম	:	....
	বর্তমান ঠিকানা	:	....
	স্থায়ী ঠিকানা	:	....
	ফ্যাক্স, ই-মেইল,টেলিফোন ও মোবাইল নম্বর (যদি থাকে)	:	....
	পেশা	:	....
২।	কি ধরণের তথ্য (প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করুন)	:	....
৩।	কোন পদ্ধতিতে তথ্য পাইতে আগ্রহী (ছাপানো/ফটোকপি/লিখিত/ ই-মেইল/ ফ্যাক্স/সিডি অথবা অন্য কোন পদ্ধতি)	:	....
৪।	তথ্য গ্রহণকারীর নাম ও ঠিকানা	:	....
৫।	প্রযোজ্য ক্ষেত্রে সহায়তাকারীর নাম ও ঠিকানা	:	....

____
আবেদনকারীর স্বাক্ষর

আবেদনের তারিখঃ ....

ফরম ‘খ’

তথ্য সরবরাহে অপারগতার নোটিশ

আবেদনপত্রের সূত্র নম্বরঃ তারিখঃ ....

প্রতি
আবেদনকারীর নামঃ ....
ঠিকানাঃ ....

বিষয়ঃ তথ্য সরবরাহে অপারগতা সম্পর্কে অবহিতকরণ।

প্রিয় মহোদয়,

আপনার ....তারিখের আবেদনের ভিত্তিতে প্রার্থিত তথ্য নিম্নোক্ত কারণে সরবরাহ করা সম্ভব হইল না, যথা-

১। ....
....;

২। ....
....;

৩। ....
....।

____
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম
পদবী
দাপ্তরিক সীল

ফরম 'গ'
আপীল আবেদন

বরাবর
....
.... (নাম ও পদবী)
ও
আপীল কর্তৃপক্ষ,
..................................(দপ্তরের নাম ও ঠিকানা)

১।	আপীলকারীর নাম ও ঠিকানা (যোগাযোগের সহজ মাধ্যমসহ)	:	....
২।	আপীলের তারিখ	:	....
৩।	যে আদেশের বিরুদ্ধে আপীল করা হয়েছে উহার কপি (যদি থাকে)	:	....
৪।	যাহার আদেশের বিরুদ্ধে আপীল করা হইয়াছে তাহার নামসহ আদেশের বিবরণ (যদি থাকে)	:	....
৫।	আপীলের সংক্ষিপ্ত বিবরণ	:	....
৬।	আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ হইবার কারণ (সংক্ষিপ্ত বিবরণ)	:	....
৭।	প্রার্থিত প্রতিকারের যুক্তি/ভিত্তি	:	....
৮।	আপীলকারী কর্তৃক প্রত্যয়ন	:	....
৯।	অন্য কোন তথ্য যাহা আপীল কর্তৃপক্ষের সম্মুখে উপস্থাপনের জন্য আপীলকারী ইচ্ছা পোষণ করেন।	:	....

আপীলকারীর স্বাক্ষর

আবেদনের তারিখ: ....

অনুলিপি

ফরম 'ঘ'

তথ্য প্রাপ্তির অনুরোধ ফি এবং তথ্যের মূল্য নির্ধারণ ফি

তথ্য সরবরাহের ক্ষেত্রে নিম্নোক্ত টেবিলের কলাম (২) এ উল্লিখিত তথ্যের জন্য উহার বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত হারে ক্ষেত্রমত তথ্য প্রাপ্তির অনুরোধ ফি এবং তথ্যের মূল্য পরিশোধযোগ্য হইবে, যথা:-

ক্রমিক নং	তথ্যের বিবরণ	তথ্য প্রাপ্তির অনুরোধ ফি/তথ্যের মূল্য
(১)	(২)	(৩)
১।	লিখিত কোন ডকুমেন্টের কপি সরবরাহের জন্য (ম্যাপ, নকশা, ছবি, কম্পিউটার প্রিন্টসহ)	এ-৪ ও এ-৩ মাপের কাগজের ক্ষেত্রে প্রতি পৃষ্ঠা ২ (দুই) টাকা হারে এবং তদুর্ধ্ব মাপের কাগজের ক্ষেত্রে প্রকৃত মূল্য
২।	ডিস্ক, সিডি ইত্যাদিতে তথ্য সরবরাহের ক্ষেত্রে	(১) আবেদনকারী কর্তৃক ডিস্ক, সিডি ইত্যাদি সরবরাহের ক্ষেত্রে বিনামূল্যে; (২) তথ্য সরবরাহকারী কর্তৃক ডিস্ক, সিডি ইত্যাদি সরবরাহের ক্ষেত্রে উহার প্রকৃত মূল্য
৩।	কোন আইন বা সরকারি বিধান বা নির্দেশনা অনুযায়ী কাউকে সরবরাহকৃত তথ্যের ক্ষেত্রে	বিনামূল্যে
৪।	মূল্যের বিনিময়ে বিক্রয়যোগ্য প্রকাশনার ক্ষেত্রে	প্রকাশনার নির্ধারিত মূল্য

কমিশনের আদেশক্রমে

বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন

মান ভবন

১১৬-ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৮৮৭০২৭৫, ৮৮৭০২৭৭, ৯১৩১৫৮২, ৮৮৭০২৮১, ৮৮৭০২৭৮, ৮৮৭০২৮০, ৮৮৭০২৭৯

Fax: 88-02-9131581; E-mail: bsti@bangla.net, dg@bsti.gov.bd

Website: www.bsti.gov.bd